

বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(সাধারণ ও সংস্থাপন শাখা)
Web: (www.supremecourt.gov.bd)

অফিস আদেশ নং- ৫৬/২০২৬ (পি এন্ড ডি)

তারিখ: ০২/০৭/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

যেহেতু জনাব মো: আলমগীর হোসেন বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে অফিস সহকারী পদে কর্মরত আছেন। তার বিরুদ্ধে শাহবাগ থানার প্রসিকিউশন নং-৩০৯, তারিখ: ০৫/০৫/২০২৬ খ্রি. হতে উদ্ভূত বিজ্ঞ স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট সংক্ষিপ্ত বিচার আদালত এর সি.আর মামলা নং- ১৩৪০/২০২৬ (শাহবাগ) এ গত ০৫/০৬/২০২৬ তারিখের রায় ও আদেশে তাকে ডি.এম.পি অধ্যাদেশ ১৯৭৬ এর ৭৫ ধারা তৎসহ পেনাল কোড- ১৮৬০ এর ৪১৭ ধারা অনুযায়ী ০৬ (ছয়) মাসের সশ্রম কারাদণ্ড প্রদান করা হয়। তিনি সুপ্রীম কোর্টে কাম-কম্পিউটার অপারেটর নিয়োগ পরীক্ষায় প্রতারণার আশ্রয় নিয়ে অন্য ব্যক্তির ব্যবহারিক অংশগ্রহণ করেছেন। উপস্থিত পরীক্ষা বোর্ডের সদস্যদের সন্দেহজনক মনে হলে তার প্রবেশপত্র যাচাই করে দেখা যায় যে প্রবেশ পত্রটি তার নয়। তাকে জিজ্ঞাসাবাদ করিলে তিনি সন্তোষজনক কোন জবাব দিতে না পারায় পরীক্ষা বোর্ডের প্রতিনিধিগণ প্রাথমিকভাবে পরীক্ষা-নিরীক্ষা করিয়া জানতে পারেন তিনি প্রতারণার আশ্রয় নিয়ে অসাধু উপায় অবলম্বন করে সরকারি চাকুরীতে নিয়োগের চেষ্টা করেছেন এবং তিনি তাদের সাথে অশালীন ভাষা ব্যবহার করে অসংযত ও উচ্ছৃঙ্খল আচরণ করেন। জনাব মো: আলমগীর হোসেন এর উক্তরূপ কার্য অফিস শৃঙ্খলা পরিপন্থী, The Supreme Court of Bangladesh (High Court Division) Employees (Discipline and Appeal) Rules, 1983 এর বিধি 2(4) অনুযায়ী অসদাচরণের সামিল, বিধি 2(4) সঙ্গে পঠিতব্য 3(b) এর অপরাধ, যা বিধি 4(1) অনুযায়ী শাস্তিবোধ্য। অভিযোগের গুরুত্ব বিবেচনায় তাকে আশু সাময়িক বরখাস্ত (Suspend) করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়।

সেহেতু অফিস সহকারী জনাব মো: আলমগীর হোসেনকে The Supreme Court of Bangladesh (High Court Division) Employees (Discipline and Appeal) Rules, 1983 এর বিধি 10(1) অনুযায়ী চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspend) করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে অভিযুক্ত কর্মচারী প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আদেশক্রমে

স্বা/-

তাং- ০২/০৭/২৬

(মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)

রেজিস্ট্রার জেনারেল

বাংলাদেশ সুপ্রীম কোর্ট,

ঢাকা।

তারিখঃ-

০২/০৭/২৬

স্মারক নং- ৬০৪৬(২)

জি,ই,এস,

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।

২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং- ৫২৮, ৫ম তলা, সি,জি,এ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।


৩। ডি,ডি,ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৫। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৬। হিসাবরক্ষক, হিসাব শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৭। জনাব মো: আলমগীর হোসেন, অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।


ডেপুটি রেজিস্ট্রার
(সার্বিক ও আদি অধিক্ষেত্র)